

যায়যায়দিন

19 MAR 2012
28

সার্ক দেশের শিক্ষার্থীদের কম খরচে উচ্চশিক্ষার সুযোগ

যাযায়দিন রিপোর্ট

ভারতের দিল্লীর সাউথ এশিয়ান ইউনিভার্সিটিতে সার্ক দেশের ছাত্রছাত্রীরা কম খরচে উচ্চশিক্ষা গ্রহণ করতে পারবেন। উন্নয়ন অর্থনীতি, কম্পিউটার সায়েন্স, বায়োটেকনোলজি, সমাজবিজ্ঞান, আন্তর্জাতিক সম্পর্ক, আইন, অ্যাপ্রয়েড ম্যাজ বিষয়ে শিক্ষার্থীরা স্নাতকোত্তর কোর্সে লেখাপড়ার সুযোগ পাবেন।

বিশ্ববিদ্যালয়ে ভারতের ৫০ শতাংশ, বাংলাদেশ ও পাকিস্তানের ১০ শতাংশ, মালদ্বীপ, ভূটান, নেপাল ও আফগানিস্তান চার শতাংশ করে এবং সার্কের বাইরের দেশের ১০ শতাংশ শিক্ষার্থী ভর্তি হতে পারবেন। প্রসন্নত সম্মতি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর ড. একে আজাদ চৌধুরী বিশ্ববিদ্যালয়ের গভর্নিং বডির চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন।

রোরবার বিকালে রাজধানীর নিরুজাপ মিলনায়তনে সাউথ এশিয়ান ইউনিভার্সিটির শিক্ষা কার্যক্রম ও-সংক্রান্ত অন্যান্য বিষয়ে সংবাদ সম্মেলন ও মডার্নময় সভায় এ তথ্য জানানো হয়। ইউজিসি সদস্য প্রফেসর ড. আতফুল হাই শিবলীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আ জ ম স আরেফিন সিদ্দিক। এ সময় আরো উপস্থিত ছিলেন সাউথ এশিয়ান ইউনিভার্সিটির অর্থনীতি অনুষদের ডিন অধ্যাপক পার্ব সেন ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আইনুল নিশাত।

উল্লেখ্য, ২০০৫ সালে ঢাকায় অনুষ্ঠিত ১৩তম সার্ক সম্মেলনে সাউথ এশিয়ান একটি সমন্বিত বিশ্ববিদ্যালয়ের প্রস্তাব দেয় বাংলাদেশ। তারই ধারাবাহিকতায় ২০১০ সালে দিল্লিতে এই বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু হয়। সাউথ এশিয়ান ইউনিভার্সিটিতে সার্কের আট সদস্য দেশের শিক্ষার্থীরা ভর্তির সুযোগ পান। বাংলাদেশ থেকে ২৭ জন শিক্ষার্থী এখানে পড়ছেন।

১০০ একর জমির ওপর নয়াদিল্লীতে সাউথ এশিয়ান ইউনিভার্সিটির ডিউপ্রস্তর স্থাপিত হয় ২০০৮ সালের ২৬ মে। নির্মাণকাজ চলায় বর্তমানে ছাত্রছাত্রীরা ক্লাস করছেন জরুরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে। ২০১৪ সালের মধ্যে বর্তমানের ছয়টি বিষয় ছাড়াও আরো ১৪টি নতুন বিষয়ে এখানে পড়ার সুযোগ পাবেন ছাত্রছাত্রীরা।